ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



১২ বছরের সংসার, সুখী নন করিনা? অবশেষে সামনে আনলেন সইফের এই খামতি ... পৃঃ ৫



১৯ তলা থেকে ঝাঁপ দিতে গিয়েছিলেন শামি? পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২০৬ ● কলকাতা ● ১৩ শ্রাবণ, ১৪৩১ ● সোমবার ● ২৯ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# বিজেপির অস্বস্তি বাড়ালেন কর্নাটকের সঙ্ঘ ঘনিষ্ঠ বিধায়ক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যে সরকার-বিরোধী আন্দোলন গড়ে তোলায় নেতৃত্বের ব্যর্থতা নিয়ে সরব হয়ে বিজেপির অস্বস্তি বাড়ালেন কর্নাটকের সঙ্ঘ ঘনিষ্ঠ বিধায়ক। রাজ্যের প্রাক্তন মন্ত্রী এবং বিজেপি বিধায়ক অরবিন্দ লিম্বাভলির অভিযোগ, কর্নাটকে বিজেপির রাজ্য সভাপতি বি ওয়াই বিজয়েন্দ্র এবং বিধানসভার বিরোধী দলনেতা আর অশোকের মধ্যে কোনও বনিবনাই নেই।

বরাবরই সঙ্ঘের ঘনিষ্ঠ লিম্বাভলির এই মন্তব্য বিজয়েন্দ্রর সঙ্গে তাঁর বিরোধী শিবিরের দ্বন্দ্ব নতুন করে দলের মধ্যে উস্কে দেবে বলে মনে করছেন অনেকেই। গত বিধানসভা ভোটে দুর্নীতি, যৌন কেলেঙ্কারি-সহ একাধিক অভিযোগে জর্জরিত ইয়েদুরাপ্পা সরকার কংগ্রেসের কাছে হেরে যায়। তার পর থেকেই বিজেপির অন্দরে বিরোধ বাড়তে থাকে। দলের এই হারের পিছনে একটা বড় অংশের নেতাই ইয়েদুরাপ্পার ব্যক্তিগত ভাবমূর্তি, দুর্নীতির অভিযোগ-সহ নানা বিষয় তুলে সরব হন। এরই মধ্যে ইয়েদুরাপ্পা নিজে অবসরের কথা ঘোষণা করে ছেলে বিজয়েন্দ্রকে বিজেপি সভাপতি করার সিদ্ধান্ত নেন। সে সময় দলের একটা বড় অংশ এর বিরোধিতা করলেও নরেন্দ্র মোদী-অমিত শাহেরা ইয়েদুরাপ্পার সিদ্ধান্তই মেনে নেন। তাঁদের অঙ্ক ছিল, প্রভাবশালী লিঙ্গায়েত ভোট এর ফলে দলের সঙ্গেই থাকবে। কিন্তু সম্প্রতি লোকসভা ভোটে একাধিক আসনে হারের পরে বোঝা গিয়েছে, প্রথমত, লিঙ্গায়েত ভোটের একটা অংশ এখনও বিজেপির বিরুদ্ধে নারাজ। দ্বিতীয়ত দলের অন্তর্কলহ ছাপ ফেলেছে ভোটের বাক্সে। এরই মধ্যে সঙ্ঘ-ঘনিষ্ঠ বলে পরিচিত

এরপর ৩ পাতায়

# মহেশতলায় মা'কে খুন করে প্লাস্টিক মুড়ে বাড়ির মধ্যেই ফেলে রাখল ছেলে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মহেশতলায় মা'কে খুন করে প্লাস্টিক মুড়ে বাড়ির মধ্যেই ফেলে রাখল ছেলে। রাতেই মহিলার রক্তাক্ত দেহ উদ্ধার করল পুলিশ। ঘটনাটি মহেশতলা ১৯ নম্বর ওয়ার্ডের আকড়া জগন্নাথ নগর পশ্চিম পুকুরপাড় এলাকায় ঘটেছে। স্থানীয়দের অভিযোগ, মা'কে খুন করে প্লাস্টিকে মুড়ে বাড়ির পাশের ঘরে মধ্যেই ফেলে রাখে ছেলে ও বৌমা।স্থানীয় সূত্রে জানা যায়, মৃত প্রভা নাথ তাঁর এক ছেলে ও এক মেয়েকে নিয়ে থাকতেন বাড়িতে। ছেলে বিজয় নাথের বিয়ের পর থেকেই শুরু হয় অশান্তি। প্রায় সময় মাকে ও বোনকে মারধর করত ছেলেটি। বোন পড়াশোনা করার জন্য বাইরে থাকে, মাকে ঘর থেকে বের করে বারান্দায় থাকতে দিয়েছিল ছেলে ও বৌমা, অভিযোগ এমনও।

এলাকাবাসীরা জানিয়েছেন, সম্পত্তি নিয়ে মা ও ছেলের মধ্যে অশান্তি হত প্রায়ই। সম্পত্তির কারণেই মাকে খুন নাকি অন্য কিছু, গোটা ঘটনার তদন্তে পুলিশ।এই ঘটনায় গোটা এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। প্রতিবেশীরা ছুটে গিয়ে দেখেন, রক্তাক্ত অবস্থায় মৃত প্রভা নাথ (৬২) পড়ে রয়েছে। দীর্ঘ সময় দেহ পড়ে থাকার কারণে দুর্গন্ধ বের হতে থাকে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় মহেশতলা থানার পুলিশ। এরপর মহিলার রক্তাক্ত দেহ উদ্ধার করে বেহালার বিদ্যাসাগর হাসপাতালে পাঠায়। পাশাপাশি ছেলে বিজয় নাথ (৩২) ও বৌমা মালতি নাথকে আটক করে নিয়ে যায় থানায়।

# আচমকাই রাজ্যপাল পদে আরও ছয় জনকে নিয়োগ করল কেন্দ্র

**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** আচমকাই রাজ্যপাল পদে আরও ছয় জনকে নিয়োগ করল কেন্দ্র। একই সঙ্গে তিন রাজ্যের রাজ্যপালকে ভিন রাজ্যে বদলি করা হয়েছে। পাশাপাশি পঞ্জাবের রাজ্যপাল বানোয়ারিলাল পুরোহিতের ইস্তফাও মঞ্জুর করা হয়েছে। নয়া রাজ্যপাল হিসাবে যাঁরা নিয়োগ পেয়েছেন তাঁদের মধ্যে যেমন প্রাক্তন আমলা রয়েছেন, তেমনই রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের কট্টর অনুসারীও রয়েছেন।ঝাড়খণ্ডের রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণনকে মহারাষ্ট্রের রাজ্যপাল পদে পাঠানো হয়েছে। অসমের বর্তমান রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়াকে পঞ্জাবের সাংবিধানিক প্রধান পদে পাঠানো হয়েছে। একইসঙ্গে তিনি কেন্দ্রশাসিত চণ্ডীগড়ের প্রশাসকের দায়িত্ব সামলাবেন। উল্লেখ্য, গত ফেব্রুয়ারি মাসেই পঞ্জাবের রাজ্যপালের পদ থেকে ইস্তফা দেওয়ার আর্জি জানিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি পাঠিয়েছিলেন। ব্যক্তিগত কারণেই তাঁর ইস্তফা জানিয়েছিলেন পুরোহিত। সিকিমের রাজ্যপাল লক্ষ্মণপ্রসাদ আর্যকে অসমের রাজ্যপাল পদে পাঠানো হয়েছে। একই সঙ্গে তিনি মণিপুরের রাজ্যপালের দায়িত্বও সামলাবেন। কেন্দ্রশাসিত পুদুচেরির উপরাজ্যপাল পদে নিয়োগ করা হয়েছে গুজরাতের প্রাক্তন মুখ্যসচিব কে কৈলাশানাথনকে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিশ্বস্ত ভৃত্য হিসাবেই পরিচিত প্রাক্তন আমলা।

শনিবার গভীর রাতে রাষ্ট্রপতি ভবনের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মহারাষ্ট্র, ঝাড়খণ্ড, সিকিম, ছত্তিশগড়, তেলঙ্গানা ও রাজস্থানে নয়া রাজ্যপাল নিয়োগ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাজস্থানের নয়া রাজ্যপাল হয়েছেন মহারাষ্ট্র বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ হরিভাউ কৃষ্ণরাও বাগড়ে। তেলঙ্গানার রাজ্যপালের দায়িত্ব দেওয়া হয়েছে ত্রিপুরার প্রাক্তন উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মাকে। সিকিমের সাংবিধানিক প্রধান হচ্ছেন সঙ্ঘ ঘনিষ্ঠ প্রবীণ বিজেপি নেতা ওমপ্রকাশ মাথুর। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সন্তোষকুমার গাঙ্গোয়ারকে ঝাড়খণ্ডের নয়া রাজ্যপাল হিসাবে পাঠানো হয়েছে। ছত্তিশগড়ের রাজ্যপাল হিসাবে দায়িত্ব পেয়েছেন রমেন ডেকা। মেঘালয়ের রাজ্যপাল হয়েছেন সিএইচ বিজয়শঙ্কর।





পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ ◻ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

## ফের মহিলাকে মারধরের অভিযোগ

**কালনা: নিউজ সারাদিন :** উত্তর দিনাজপুর, আড়িয়াদহ পর কালনা! ফের মহিলাকে মারধরের অভিযোগ। এবার সরাসরি অভিযোগ স্থানীয় তৃণমূল নেতার বিরুদ্ধে। পালটা তাঁকে মারধরের অভিযোগ তুলেছেন ওই তৃণমূল নেতা।কালনার চকবাজারের বাসিন্দা ওই তৃণমূল নেতা পালটা অভিযোগ করেছেন। গোপাল তেওয়ারির বলেন, "কাল রাতে ওরাই আমাদের পাঁচিল ভেঙে দেয়। বলতে গেলে ওরা আমাকে ঘরের ভিতর টেনে ঢুকিয়ে এলোপাথাড়ি মারতে থাকে। আত্মরক্ষার চেষ্টা করি। এছাড়াও এদিন আমার বাড়িতে এসে আমাকে ও স্ত্রীকে মারধর করে। আমি ওই সম্পত্তিটা ব্যাঙ্কের কাছ থেকে নিলামে কিনি। আগে ওই জায়গায় বেড়া দিয়েছিলাম সেটাও ভেঙে দিয়েছিল। পাঁচিল দেওয়ার পরেও আমাকে মারধর করে। থানায় অভিযোগ জানিয়েছি।" তদন্তে নেমে ওই নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া এক ভিডিওয় দেখা যাচ্ছে এক মহিলাকে বেধড়ক পেটাচ্ছেন ওই তৃণমূল নেতা। সেই ভিডিওতেই দেখা গিয়েছে, ওই মহিলা-সহ আরও কয়েকজন উলটে তৃণমূল নেতাকে মারছেন। যদিও ভিডিওর সত্যতা যাচাই করেনি ।ঘটনার তদন্তে নেমে অভিযুক্ত তৃণমূল নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। সূত্র মারফত জানা গিয়েছে, আজ রবিবার বিশেষ আদালতে পেশ করা হবে তাঁকে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, অভিযুক্ত তৃণমূল নেতার নাম গোপাল তেওয়ারি। তিনি কালনা শহর তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক। নির্যাতিতা মহিলার অভিযোগ, তাঁদের বাড়ির পাশেই একটি জায়গায় গোপাল তেওয়ারি এমনভাবে পাঁচিল দেয় যে, বাড়ি থেকে ঢোকা ও বেরোনোর অসুবিধা হচ্ছে। এরমধ্যে শুক্রবার রাতের অন্ধকারে স্কুটি ঢোকাতে গিয়ে নতুন তৈরি পাঁচিলটির একটি অংশ ভেঙে যায়। সেই ঘটনাকে কেন্দ্র করে শনিবার সকালে মহিলার বাড়ি ঢুকে তার পরিবারের লোকজনকে ওই তৃণমূল নেতা ব্যাপক মারধর করে বলে অভিযোগ। আরও অভিযোগ, নির্যাতিতার বৃদ্ধ শাশুড়িকেও ছাড়া হয়নি। যার জেরে ৩ জন কালনা হাসপাতালে ভর্তি রয়েছেন।

## সোমবার থেকে বৃষ্টি বাড়বে দক্ষিণবঙ্গে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শ্রাবণ মাসের ১২ দিন অতিক্রান্ত। তবু আকাশ কালো করে ভারী বৃষ্টির দেখা নেই কলকাতা-সহ দক্ষিণবঙ্গে। এবার সেই 'খরা' কাটতে চলেছে। আলিপুর আবহাওয়া দপ্তর বলছে, সোমবার থেকে বৃষ্টি বাড়বে দক্ষিণবঙ্গে। বুধ ও বৃহস্পতিবার বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের উপরের পাঁচ জেলাতে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা থাকছে উপরের পাঁচ জেলাতে। বজ্রবিদ্যুৎ-সহ বিক্ষিপ্তভাবে মালদও ও দুই দিনাজপুরে দু-এক জায়গায় বৃষ্টি হতে পারে। মঙ্গলবার থেকে বৃষ্টির পরিমাণ কমবে উত্তরবঙ্গে। সোমবার দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলাতে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির পূর্বাভাস।

কলকাতায় কি ভারি বৃষ্টির সম্ভাবনা আছে? হাওয়া অফিস বলছে, সোমবার থেকে বৃষ্টির সম্ভাবনা বাড়বে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। আপাতত ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি হতে পারে মালদহ ও দুই দিনাজপুরে।

সক্রিয় মৌসুমী অক্ষরেখা বাংলা থেকে ওড়িশা পর্যন্ত বিস্তৃত রয়েছে। আগামী ২৪ ঘণ্টা বঙ্গোপসাগরে সমুদ্র উত্তাল থাকবে। কখনও ৪০ থেকে ৫০, কখনও ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে দমকা ঝোড়ো হাওয়া বইবে। ফলে মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। আজ, রবিবার এই নিষেধাজ্ঞা বহাল থাকবে।সোমবার থেকে দক্ষিণবঙ্গে ওয়াইড স্প্রেইড রেইন। সপ্তাহের মাঝেই বুধ ও বৃহস্পতিবার বিক্ষিপ্তভাবে কয়েক জেলার দু-এক জায়গায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সোমবার বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলাতে। মঙ্গলবার বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা বেশি থাকবে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলাতে। বুধ এবং বৃহস্পতিবার ভারী বৃষ্টির সম্ভাবনা থাকবে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাতে।

## সরকারি স্কুলে যে সমস্যা রয়েছে
## তা স্বীকার করে নেন পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিক্ষক নিয়োগ দুর্নীতি নিয়ে দীর্ঘদিন ধরে তোলপাড় রাজ্য রাজনীতি। কয়েক মাস আগেই এসএসসি দুর্নীতি মামলায় ২০১৬ সালের সম্পূর্ণ প্যানেল বাতিল করেছিল কলকাতা হাইকোর্ট। বর্তমানে সুপ্রিম কোর্টে ঝুলে রয়েছে প্রায় ২৬,০০০ চাকরি। এর মাঝেই এবার নিয়োগ নিয়ে বড় 'আপডেট' দিলেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ।এদিন সরকারি স্কুলে যে সমস্যা রয়েছে তা স্বীকার করে নেন পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী। ব্রাত্য বলেন, 'এই রকম সমস্যা যে রয়েছে আমি অস্বীকার করছি না। সেক্ষেত্রে আমরা যত তাড়াতাড়ি নিয়োগ করতে পারব, এই সমস্যার সমাধান হবে'। যদিও এই প্রথম নয়, এর আগেও এমন অভিযোগ সামনে এসেছে। অনেক সময় জানা যায়, অল্প কয়েকজন শিক্ষককে বহু ছাত্রছাত্রীর ক্লাস নিতে হচ্ছে। যে কারণে তাঁরা রীতিমতো হাঁপিয়ে উঠেছেন। নিয়োগ নিয়ে প্রায়ই সুর চড়ায় রাজ্যের বিরোধী দলগুলি। এদিকে শিক্ষকরা নিজেদের প্রাপ্য চাকরির দাবিতে আন্দোলন করছেন। নিয়োগ জটিলতা কেটে দ্রুত নিয়োগ হোক, এমনটাই চাইছেন কমবেশি সকলে।

রাজ্যের স্কুলগুলিতে পর্যাপ্ত সংখ্যক শিক্ষক, শিক্ষিকা না থাকার অভিযোগ বহুবার সামনে এসেছে। কোথাও দেখা গিয়েছে স্কুলে পড়াচ্ছেন একজন শিক্ষক, কোথাও আবার ছাত্রছাত্রীর সংখ্যার অনুপাতে শিক্ষক, শিক্ষিকার সংখ্যা অত্যন্ত কম। যে কারণে প্রভাব পড়ছে পড়াশোনায়। নিয়োগের কারণে যে সমস্যা হচ্ছে তা এদিন স্বীকার করে নেন শিক্ষামন্ত্রী।

শনিবার আলিপুরদুয়ারের একটি বিদ্যালয় থেকে সামনে আসে ঠিকভাবে লেখাপড়া না হওয়ার কারণে পড়ুয়ার সংখ্যা ১৬৫। তা খাতায় কলমে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৬ জন। এদিকে শিক্ষকের সংখ্যা ১৪ জন। অভিভাবকদের অভিযোগ, চতুর্থ শ্রেণিতে পড়লেও সেখানকার শিক্ষার্থীরা নিজের নামও লিখতে পারে না। পড়াশোনার মান মোটেই ভালো নয়। শিক্ষকদের অবশ্য দাবি, তাঁরা যথাযথ ক্লাস নেওয়ার চেষ্টা করেন।









## মোহনবাগান দিবস উপলক্ষ্যে
## উলুবেড়িয়ায় স্বাস্থ্য পরীক্ষা শিবির!



**নুরসেলিম লস্কর, হাওড়া, নিউজ সারাদিন :** ২৯ শে জুলাই ভারতবর্ষের স্বাধীনতার ইতিহাসের এক ঐতিহাসিক দিন! তবে,হ্যাঁ বিশেষ করে সকল ভারতবাসীর চেয়ে একটু হলে আবেগে, ভালোবাসায় এই ঐতিহাসিক দিনটি কে বেশি গুরুত্ব দেয় ১৯১১সালের তৎকালীন পরাধীন ভারতের খালি পায়ে ফুটবল খেলে পরাধীন ভারতের কাছে ব্রিটিশদের প্রথম পরাজয়ের স্বাদ গ্রহণ করানোর কান্ডারি এগারো জন ছেলের (অমর একাদশ) ক্লাব মোহনবাগান ও সেই ক্লাবের সদস্য, সমর্থকরা। তাই তো এই দিনটিকে প্রতি বছর সন্মান জানিয়ে স্মরণ করে 'মোহনবাগান দিবস' হিসাবে পালন করে আসছে মোহনবাগান অ্যাথলেটিক ক্লাব। সারাদিন ধরে ক্লাবে চলে নানান অনুষ্ঠান থেকে শুরু করে খাওয়া দাওয়া। এই দিনই আবার দেওয়া হয় মোহনবাগানের সর্বোচ্চ সন্মান 'মোহনবাগান রত্ন'। যে সন্মান এবছরে পাচ্ছেন ক্রিকেটার প্রাক্তন ভারত অধিনায়ক তথা বাংলার মহারাজ সৌরভ গাঙ্গুলী।

আর এই ঐতিহাসিক দিনে মোহনবাগানের পাশাপাশি মোহনবাগানের বিভিন্ন ফ্যান্স ক্লাব গুলিও এই দিনটিকে স্মরণ করে উদ্যোগ নেয় বিভিন্ন সামাজিক কর্মসূচির। ঠিক তেমনই হাওড়ার উলুবেড়িয়া মেরিনার্স নামের এক মোহনবাগান ফ্যান্স ক্লাব রবিবার ঠিক মোহনবাগান দিবসের আগের দিন মোহনবাগান দিবস উপলক্ষ্যে আয়োজন করল বিনাব্যয়ে স্বাস্থ্য পরীক্ষা শিবিরের। দ্য মিশন হসপিটাল দুর্গাপুরের সহযোগিতায় উলুবেড়িয়া মেরিনার্স গঙ্গারামপুর হাই স্কুলে এই স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজন করে। যেখানে জেনারেল ফিজিশিয়ান, হৃদরোগ বিশেষজ্ঞ, অর্থোপেডিক বিশেষজ্ঞ ছাড়াও একদল অভিজ্ঞ চিকিৎসক উপস্থিত ছিলেন। যারা আগত রোগীদের চিকিৎসা করেন এবং প্রয়োজনীয় পরামর্শ দেন। এছাড়াও এই শিবিরে সম্পূর্ণ বিনামূল্যে ইসিজি, ব্লাড সুগার পরীক্ষা, ব্লাড প্রেশার মাপার মতো বিভিন্ন পরীক্ষাও করানো হয়। আর উলুবেড়িয়া মেরিনার্সের এই সামাজিক স্বাস্থ্য কল্যান উদ্যোগে স্বাভাবিকভাবে খুশি চিকিৎসা করাতে আসা রুগীরা থেকে শুরু করে ঐ এলাকার বাসিন্দারা।

আর উলুবেড়িয়া মেরিনার্সের এদিনের এই স্বাস্থ্য শিবির সম্পর্কে জানতে চাইলে ঐ ফ্যান্স ক্লাবের সভাপতি ডাক্তার কুন্তল কোলে জানান, "এই শিবিরে ১৫৫ জন সাধারণ মানুষ পরিসেবা পেলেন। এই শিবিরে যে সমস্ত রোগীদের ব্যাধি সনাক্ত করা গেছে তাদের ফলো আপ চিকিৎসা তথা পরিসেবাও তারা মিশন হসপিটাল ও আমাদের দ্বারা পাবেন এবং সকল মেরিনার্স সদস্য ও আমাদের শুভানুধ্যায়ীদের সহযোগিতায় এমন উদ্যোগ ভবিষ্যতেও আমরা নেবো"। এবিষয়ে উল্লেখ্য, এই মোহনবাগান ফ্যানস ক্লাব টি এমন সামাজিক কর্মকান্ডের উদ্যোগ অতীতেও নিয়েছে বহুবার।

## ট্রেনের চাকায় আগুনের ফুলকি
## শিয়ালদহ দক্ষিণ শাখায় বিঘ্নিত ট্রেন চলাচল



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** রবিবার দুপুরে শিয়ালদাহ দক্ষিণ শাখার ডায়মন্ড হারবার লোকালের চাকা থেকে আগুনের ফুলকি দেখা গেছে বলে জানিয়েছেন যাত্রীরা। এইজন্য শিয়ালদাহ দক্ষিণ শাখায় ট্রেন চলাচল বিঘ্নিত। সুভাষগ্রাম স্টেশনে ওই ট্রেনটি দাঁড়িয়ে থাকায় সেই লাইনে ট্রেন চলাচল করতে পারছে না। অসুবিধের মধ্যে পড়তে হয়েছে যাত্রীদের। যাত্রীরা প্রথমে ওই ট্রেনের চাকায় আগুনের ফুলকি দেখতে পান। তারপর যাত্রীরা চিৎকার করে চেন টেনে ট্রেনটিকে দাঁড় করান। আতঙ্কিত হয়ে কিছু যাত্রী রেললাইনের ওপর ঝাঁপ মারতে শুরু করেন। ফলে সুভাষগ্রাম স্টেশনে চরম অস্থিরতা তৈরি হয়।আরপিএফ এসে পরিস্থিতি সামাল দেন। জানা গেছে বড় কোন দুর্ঘটনা ঘটার আগেই আগুন নিভিয়ে দেওয়া হয়েছে।এই জন্য শিয়ালদা কাকদ্বীপ, লক্ষিকান্তপুর এবং নামখানা লাইনে ট্রেন চলাচল করছে না বলে জানা গেছে। রেলের ইঞ্জিনিয়াররা ঘটনাস্থলে পৌঁছে গেছেন। যান্ত্রিক ত্রুটি নাকি অন্য কোন কারণে আগুন লেগেছে সেই বিষয়ে এখনো স্পষ্ট ভাবে জানা যায়নি। ট্রেন চলাচল কখন স্বাভাবিক হবে তা এখনো পর্যন্ত স্পষ্ট নয়।

এদিকে পূর্বে ঘোষণা করা হয়েছিল রেললাইনে কাজ থাকার জন্য শনিবার এবং রবিবার শিয়ালদা ডিভিশনে ট্রেন চলাচল ব্যাহত হবে। এই দুই কারণে ভোগান্তির শিকার হতে হচ্ছে যাত্রীদের। তবে এই লাইনে কখন ট্রেন চলাচল স্বাভাবিক হবে তা এখনো বলা যাচ্ছে না।

১-ম পাতার পর

# বিজেপির অস্বস্তি বাড়ালেন কর্নাটকের সঙ্ঘ ঘনিষ্ঠ বিধায়ক

বিধায়ক লিম্বাভলি সুর চড়ানোয় বিজেপির অন্দরের ফাটল আগামী দিনে আরও চওড়া হবে বলেই মনে করা হচ্ছে।যার ফলে বিরোধী দল হিসেবে কর্নাটক বিজেপি চরম ব্যর্থ বলে মন্তব্য করেছেন তিনি।

প্রাক্তন মুখ্যমন্ত্রী বি এস ইয়েদুরাপ্পার ছেলে বিজয়েন্দ্রকে রাজ্য বিজেপি সভাপতি করার পর থেকেই কর্নাটকে বিজেপির অন্দরে কোন্দল চরমে। বিজয়েন্দ্র নিজেও বিধায়ক। কিন্তু তাঁর সঙ্গে দলের বেশির ভাগ নেতা-বিধায়কেরই সম্পর্ক ভাল নয় বলে অভিযোগ উঠেছে একাধিক বার। যার ফলে কর্নাটকে কংগ্রেস সরকারের বিরুদ্ধে একাধিক অভিযোগ উঠলেও বিজেপি সে ভাবে প্রতিবাদ-আন্দোলন গড়ে তুলতে পারেনি বলে একাধিক বার অভিযোগ উঠেছে দলের অন্দরেই। এ দিন সেই অভিযোগ উস্কে দিয়ে লিম্বাভলি বলেন, "এটা খুবই দুঃখজনক যে আমাদের দলের রাজ্য সভাপতি (বিজয়েন্দ্র) এবং বিধানসভার বিরোধী নেতার (অশোক) মধ্যে কোনও বোঝাপড়াই নেই। মুডা (মাইশুরু আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন) কেলেঙ্কারি, বাল্মীকি উন্নয়ন প্রকল্প কেলেঙ্কারি, এসসি-এসটি তহবিল নয়ছয়ের মতো বিষয় নিয়ে আমাদের দল কোনও কার্যকর ভূমিকা নিতেই পারেনি।"

## বিভিন্ন রাজ্যের রাজ্যপাল ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসক পদে নতুন নিয়োগ

**নতুন দিল্লি, ২৮ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** পাঞ্জাবের রাজ্যপাল এবং কেন্দ্রশাসিত চন্ডীগড়ের প্রশাসক পদ থেকে শ্রী বনোয়ারীলাল পুরোহিত পদত্যাগ করেছেন। তাঁর ইস্তফাপত্র গ্রহণ করেছেন ভারতের রাষ্ট্রপতি। একই সঙ্গে রাষ্ট্রপতি আজ বিভিন্ন পদে যাঁদের নিয়োগ করেছেন তাঁদের মধ্যে রয়েছেন:

১) শ্রী হরিভাই কিষাণরাও বাগড়ে - রাজস্থানের রাজ্যপাল পদে। ২) শ্রী জিষ্ণু দেব ভার্মা - তেলেঙ্গানার রাজ্যপাল পদে। ৩) শ্রী ওম প্রকাশ মাথুর - সিকিমের রাজ্যপাল পদে। ৪) শ্রী সন্তোষ কুমার গঙ্গোয়াড় - ঝাড়খণ্ডের রাজ্যপাল পদে। ৫) শ্রী রমেন ডেকা - ছত্তিশগড়ের রাজ্যপাল পদে। ৬) শ্রী সি এইচ বিজয়শঙ্কর - মেঘালয়ের রাজ্যপাল পদে।

৭) শ্রী সি. পি. রাধাকৃষ্ণান - ঝাড়খণ্ডের রাজ্যপাল শ্রী রাধাকৃষ্ণানকে মহারাষ্ট্রের রাজ্যপাল পদে নিযুক্ত করা হয়েছে। শ্রী রাধাকৃষ্ণান তেলেঙ্গানার রাজ্যপাল পদেও এতদিন অতিরিক্ত দায়িত্বভার সামলাচ্ছিলেন। ৮) আসামের রাজ্যপাল শ্রী গুলাব চাঁদ কাটারিয়াকে পাঞ্জাবের রাজ্যপাল পদে নিযুক্ত করা হয়েছে। অতিরিক্ত দায়িত্ব হিসেবে তিনি কেন্দ্রশাসিত চন্ডীগড়ের প্রশাসকের দায়িত্বও পালন করবেন। ৯) সিকিমের রাজ্যপাল শ্রী লক্ষ্মণ প্রসাদ আচার্যকে নিযুক্ত করা হয়েছে আসামের রাজ্যপাল পদে। এছাড়াও তিনি মণিপুরের রাজ্যপালের অতিরিক্ত দায়িত্বভার পালন করবেন। যেদিন থেকে তাঁরা এই নতুন পদে যোগ দেবেন সেদিন থেকেই তাঁদের এই নিয়োগ কার্যকর হবে। রাষ্ট্রপতি ভবনের সচিবালয় থেকে প্রকাশিত ও প্রচারিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

## গঙ্গা-তিস্তা জলবণ্টন চুক্তি নিয়ে এগোতে চাইছে কেন্দ্রের নরেন্দ্র মোদী সরকার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গঙ্গা-তিস্তা জলবণ্টন চুক্তি নিয়ে এগোতে চাইছে কেন্দ্রের নরেন্দ্র মোদী সরকার। রাজ্য সরকারের সঙ্গে কোনও রকম আলোচনা ছাড়াই এই চুক্তি কার্যকর করতে উদ্যত হয়েছে কেন্দ্র, এমনটাই অভিযোগ রাজ্যের। তাই সেই সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে বিধানসভায় প্রস্তাব এনে তার উপর আলোচনা করতে চায় তৃণমূল পরিষদীয় দল।এখন বিধানসভায় 'ইন্দো-ভুটান জয়েন্ট রিভার কমিশন অফ মনিটরিং অ্যান্ড কন্ট্রোলিং ফ্লাড সিচুয়েশন' নিয়ে আলোচনা চলছে। এই আলোচনায় গত শুক্রবার অর্থনীতিবিদ তথা বালুরঘাটের বিজেপি বিধায়ক অশোক লাহিড়ী নিজের বক্তৃতা বলেছেন, 'এই বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন বিষয়। যা নিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভায় আলোচনার কোনও এক্তিয়ার নেই রাজ্যের।' তাই বিজেপি পরিষদীয় দল মনে করছে, কেবলমাত্র রাজনৈতিক স্বার্থেই এমন প্রস্তাব পশ্চিমবঙ্গ বিধানসভায় আনতে পারে শাসকদল তৃণমূল। এ ক্ষেত্রেও তাদের যুক্তি, দুই প্রতিবেশী দেশ ভারত এবং বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ বিষয়। এমন একটি আন্তর্জাতিক চুক্তি যথেষ্ট সংবেদনশীল বিষয়। এ ক্ষেত্রে ভারতবর্ষের একটি অঙ্গরাজ্যের সরকারের এই সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করার অধিকার নেই। তবে এই চুক্তিকে কেন্দ্র করে আবারও কেন্দ্র-রাজ্য সংঘাতের পরিস্থিতি তৈরি হতে চলেছে বলেই মনে করছে রাজ্যের প্রশাসনিক মহল।তবে এই সংক্রান্ত বিষয়ে নিজেদের রণনীতি এখনই খোলসা করতে নারাজ রাজ্যের শাসকদল তৃণমূল। শাসকদলের পরিষদীয় দল সূত্রে খবর, চলতি বিধানসভা অধিবেশনে এই প্রস্তাবটি আনা হবে। আগামী বুধবার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের ঘরে আবারও বসবে বিধানসভার কার্যবিবরণী কমিটির বৈঠক। ২ এবং ৫ অগস্টের সেই বৈঠকে বিধানসভায় কী বিষয় নিয়ে আলোচনা হবে, তা স্থির হবে। মনে করা হচ্ছে, ওই দিনই গঙ্গা-তিস্তা জলবণ্টন চুক্তি-সহ বাংলার নদী সংস্কার, জল বিভাজন, বন্যা নিয়ন্ত্রণ নিয়ে বঞ্চনার অভিযোগ এনে প্রস্তাব আনা হবে। জলবণ্টন চুক্তি নিয়ে বরাবর নিজের অবস্থান স্পষ্ট করে এসেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু বর্তমান কেন্দ্রীয় সরকার সেই মতামতকে উপেক্ষা করে নিজেদের মতো করেই এগোতে চাইছে বলে অভিযোগ তৃণমূলের। তাই বিধানসভায় প্রস্তাব এনে মোদী সরকারকে 'বার্তা' পাঠাতে চাইছে মমতার দল। এমনটাই মনে করছেন জাতীয় রাজনীতির কারবারিদের একাংশ।নবান্ন সূত্রে খবর, জলচুক্তি নিয়ে কেন্দ্রীয় সরকার একটি প্রতিনিধি দল বাংলাদেশে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু ছাত্র আন্দোলনে উত্তাল বাংলাদেশে এখনই যাওয়া সম্ভব হচ্ছে না কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি দলের পক্ষে। ঢাকা থেকে বাংলাদেশ সরকার ভারতের প্রতিনিধি দল পাঠানোর বিষয়ে সবুজ সঙ্কেত দিলেই আলোচনার জন্য তাদের পাঠানো হবে। এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী মমতার সঙ্গে কেন্দ্রীয় সরকার কোনও আলোচনা করেনি বলেই নবান্ন সূত্রে খবর। এ ভাবে রাজ্যের স্বার্থকে 'উপেক্ষা' করে কেন্দ্রীয় সরকারের একতরফা নীতি মেনে নিতে নারাজ রাজ্য। তাই বিধানসভায় প্রস্তাব এনে কেন্দ্রকে 'বার্তা' দিতে চায় তৃণমূল পরিষদীয় দল। তবে এই বিষয়ে এখনই মুখ খুলতে নারাজ তৃণমূল পরিষদীয় দলের কোনও সদস্য। নামপ্রকাশে অনিচ্ছুক শাসকদলের কার্যবিবরণী কমিটির এক সদস্যের কথায়, 'বিধানসভার অধিবেশনে কী বিষয়ে আলোচনা হবে, তা কমিটির বৈঠকের আগে কোনও ভাবেই বলা সম্ভব নয়। আমরা প্রস্তাব দেব, সেই বিষয়টি বিবেচনা করে দেখবেন স্পিকার। তিনি যদি মনে করেন বিষয়টি বিধানসভায় আলোচনার জন্য সঠিক, তবেই সেই বিষয়টি নিয়ে আলোচনার দিনক্ষণ ধার্য হবে। তাই কোন বিষয়ে বিধানসভায় আলোচনা হবে, তা এখনই বলা সম্ভব নয়।'

## মায়ের সম্মানে উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড়ের

# বৃক্ষচারা রোপনের ঘটনাকে অনুসরণযোগ্য দৃষ্টান্ত বলে বর্ণনা করলেন প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ২৭ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় তাঁর মায়ের সম্মানে একটি বৃক্ষচারা রোপন করেছেন। এই ঘটনাকে অনুপ্রেরণামূলক বলে বর্ণনা করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এসম্পর্কে সমাজ মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন:

"এক অনুসরণ ও অনুকরণযোগ্য দৃষ্টান্ত! মায়ের প্রতি সম্মান ও ভালোবাসা জানাতে ভারতের মাননীয় উপরাষ্ট্রপতিজি একটি বৃক্ষচারা রোপন করেছেন। এই ঘটনা যে কোন মানুষকেই অনুপ্রাণিত করবে।" যমুনা নদীর তীরে এক মনোরম পরিবেশে তাঁর মা শ্রীমতী কেশরী দেবী জি-র প্রতি সম্মান প্রদর্শনের নিদর্শন স্বরূপ উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় একটি শিশুবৃক্ষ রোপন করেন। এই ঘটনাকেই স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী।

## প্রাক্তন সাংসদ পিএম মাথানের মৃত্যুতে

# শোক ও সমবেদনা প্রকাশ প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি, ২৭ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রাক্তন সাংসদ থিরু মাস্টার মাথানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন যে সমাজ সেবা এবং দলিত ও অবহেলিতদের জন্য কাজ করে যাওয়ার মানসিকতা থিরু মাস্টার মাথানকে চিরস্মরণীয় করে রাখবে। সমাজমাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন :"প্রাক্তন সাংসদ থিরু মাস্টার মাথান জি-র প্রয়াণে আমি ব্যথিত। সমাজ সেবায় বরাবরই সচেষ্ট থাকার পাশাপাশি দলিত ও অবহেলিতদের জন্যও তিনি কাজ করে গেছেন। তামিলনাড়ুতে আমাদের দলকে আরও শক্তিশালী করে তোলার কাজেও তাঁর ভূমিকা ছিল প্রশংসনীয়। তাঁর পরিবার পরিজন এবং অনুগামীদের প্রতি রইল আমার সমবেদনা। ওম শান্তি।"

## দেশজুড়ে বিজেপির গায়ে তকমা লেগেছে হিন্দুত্ববাদী দল হিসাবে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দেশজুড়ে বিজেপির গায়ে তকমা লেগেছে হিন্দুত্ববাদী দল হিসাবে। তার থেকেও বড় পরিচিতি পেয়েছে মুসলিম বিরোধী দল হিসাবে। যদিও বিজেপির কোনও নেতা কোনওদিন বলেননি তাঁরা মুসলিম বিরোধী। কিন্তু বিজেপির নীতি, নানা ঘটনা এবং সিদ্ধান্তের জেরে এহেন একটি ছাপ পড়ে গিয়েছে বিজেপির গায়ে।কিন্তু শুভেন্দুর সেই মন্তব্যের জেরে শুরু হওয়া বিতর্ক থিতু হচ্ছে না কিছুতেই। সেই বিতর্কের মাঝেই গতকাল অর্থাৎ শনিবার রাতে রফিকুল বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দেন। বিজেপির নদিয়া উত্তর সাংগঠনিক জেলার সংখ্যালঘু মোর্চার সভাপতি পদ থেকেও ইস্তফা দিয়েছেন রফিকুল। তিনি তৃণমূলে যোগদানের পরে সাফ জানিয়েছেন, শুভেন্দু অধিকারীর 'নো নিড সংখ্যালঘু মোর্চা'র মন্তব্যের জেরেই তিনি দলত্যাগ করছেন। কেননা তাঁর মনে হয়েছে, বিজেপি মুসলিম বিরোধী। শুভেন্দু মুসলিম বিরোধী। তাই এই দলে পড়ে থেকে তিনি মুসলিম সমাজের উন্নয়নের জন্য কিছুই করে উঠতে পারবেন না। মুসলিম সমাজের উন্নয়ন করতে হলে এ রাজ্যে একমাত্র তৃণমূল কংগ্রেসেরই হাত ধরতে হবে। তাই তিনি বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দিচ্ছেন। উল্লেখ্য, রফিকুল যে এলাকার সংখ্যালঘু মোর্চার সভাপতি ছিলেন তা আদতে কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের এলাকা। সেখানে সংখ্যালঘু ভোটব্যাঙ্কই নির্বাচনী ফলাফলের চূড়ান্ত নির্ণায়ক। এখন সেখানেই যদি শুভেন্দুর মন্তব্যের এই প্রভাব পড়ে তাহলে গোটা রাজ্যে কী প্রভাব পড়বে? এই প্রশ্নটাই বিজেপির অন্দরে এবার তুলে দিলেন রফিকুল।এই অবস্থায় পদ্মশিবির দীর্ঘদিন ধরে চেষ্টা চালাচ্ছে, মুসলিমদের কাছেও গ্রহণযোগ্য হয়ে উঠতে। সেই লক্ষ্যে দলে সংখ্যালঘু মোর্চাও খুলে ফেলেছে। বাংলায় ক্ষমতাদখল করতে গেলে সংখ্যালঘু ভোট হাতে আসা চাই-ই-চাই। বাংলায় মুসলিমদের সমর্থন ছাড়া কখনই ক্ষমতা দখল সম্ভব নয়, এটা সব রাজনৈতিক দলই জানে। এই অবস্থায় বিজেপিও চেষ্টা করছে বাংলার মুসলিম সমাজের সমর্থন পেতে। কিন্তু সেই চেষ্টার পথে এখন বড় বাধা হয়ে দাঁড়িয়েছে, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর একটি মন্তব্য। কেননা সেই মন্তব্যের জেরেই এবার ফুলবদল করে নিলেন বিজেপির নদিয়া উত্তর সাংগঠনিক জেলার সংখ্যালঘু মোর্চার সভাপতি রফিকুল শেখ। তিনি যোগ দিয়েছেন তৃণমূলে।২০১৪ সালেই সালে 'সব কা সাথ, সব কা বিকাশ' স্লোগান তুলেছিলেন বর্তমান বিজেপির প্রাণপুরুষ তথা দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সমস্ত শ্রেণি, সম্প্রদায়কে এক সুতোয় বাঁধার বার্তা দিয়েছিলেন তিনি। লাভও পেয়েছিলেন ভোটবাক্সে। ১০ বছর পরেও এই স্লোগান নিয়ে বিজেপির আবেগে সামান্যতম টোলও পড়েনি বলে দাবি গেরুয়া শিবিরের একাংশের। কিন্তু সম্প্রতি সেই স্লোগানের প্রয়োজনীয়তা নিয়েই প্রশ্ন তুলে দিয়েছেন শুভেন্দু অধিকারী। রাজ্য বিজেপির বর্ধিত কর্মসমিতির বৈঠকে শুভেন্দু তাঁর বক্তব্যে জানিয়ে দেন, 'সব কা সাথ, সব কা বিকাশ আর বলব না। সব কা সাথ, সব কা বিকাশ বন্ধ কর। বলব যো হামারে সাথ, হাম উনকা সাথ। নো নিড সংখ্যালঘু মোর্চা।' শুভেন্দুর সেই মন্তব্য ঘিরে তোলপাড় পড়ে যায় বিজেপিতে। নিন্দার ঝড় ওঠে বিভিন্ন মহলে। পরে শুভেন্দু তাঁর করা মন্তব্যের ব্যাখ্যা দিয়ে জানান, 'আমি বিজেপির গ্রাউন্ডে কাজ করা কর্মী হিসেবে এটাই বলতে চেয়েছি, বাংলায় শুধুমাত্র সনাতনী হিন্দুরাই বিজেপিকে ভোট দিয়েছে। সংখ্যালঘু বিশেষ করে মুসলিমরা বিজেপিকে ভোট দেয়নি। ১০০ জনের মধ্যে ৯১ জন ২০২১ সালে ভোট দিয়েছিলেন মমতা বন্দেয়াপাধ্যায়কে। এবার ৯৫ শতাংশ মুসলিম তাদের ভোট দিয়েছে। তাই আমি রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এই মন্তব্য করেছি।'

## পুদুচেরির লেফটেন্যান্ট জেনারেল পদে নতুন নিয়োগ

**নতুন দিল্লি, ২৮ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** শ্রী কে কৈলাশনাথনকে পুদুচেরির লেফটেন্যান্ট গভর্নর পদে নিযুক্ত করেছেন রাষ্ট্রপতি। যেদিন থেকে শ্রী কৈলাশনাথন এই দায়িত্বভার গ্রহণ করবেন সেদিন থেকেই তাঁর নতুন নিয়োগ কার্যকর হবে। রাষ্ট্রপতি ভবনের সচিবালয় থেকে প্রকাশিত ও প্রচারিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

## সিআরপিএফ-এর প্রতিষ্ঠা বার্ষিকীতে বাহিনীর

# সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি, ২৭ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর (সিআরপিএফ) প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বাহিনীর সকল কর্মীকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন যে তাঁদের অবিচলিত নিষ্ঠা এবং দেশের প্রতি নিরন্তর সেবার মানসিকতা প্রকৃত অর্থেই প্রশংসার দাবি রাখে। এই সম্পর্কে সমাজ মাধ্যমে দেওয়া এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন:

"প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ভারতের কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর সকল কর্মীকে জানাই আমার অভিনন্দন। জাতির প্রতি তাঁদের অবিচলিত নিষ্ঠা এবং নিরন্তর দেশ সেবার মানসিকতা সত্যিই প্রশংসনীয়। শৌর্য এবং অঙ্গীকারের সর্বোচ্চ মানে তাঁরা প্রতিষ্ঠিত। দেশরক্ষার কাজে যে ভূমিকা তাঁরা পালন করে থাকেন তা খুবই গুরুত্বপূর্ণ।"

## আগামী ১৫ আগস্ট দেশজুড়ে ১৫ লক্ষ

# বৃক্ষচারা রোপণের সিদ্ধান্ত নিয়েছে প্রতিরক্ষা মন্ত্রক

**নতুন দিল্লি, ২৮ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** আগামী ১৫ আগস্ট দেশের ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে দেশজুড়ে ১৫ লক্ষ বৃক্ষ রোপণ অভিযানের সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। 'মায়ের নামে একটি করে বৃক্ষ' এই অভিযানের এক বিশেষ অঙ্গ হয়ে উঠবে প্রতিরক্ষা মন্ত্রকের এই উদ্যোগ। ডিআরডিও, প্রতিরক্ষা মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থা, সিজিডিএ, এনসিসি, সৈনিক স্কুল, অর্ডন্যান্স ফ্যাক্টরি সহ বিভিন্ন সংস্থা ও সংগঠনকে নিয়ে এই অভিযান চালানো হবে। প্রসঙ্গত উল্লেখ্য, এবছর গত ৫ জুন 'মায়ের নামে একটি করে বৃক্ষ' চারা রোপণ অভিযানের সূচনা করেছিলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। তিনি ভারতবাসী সহ বিশ্বের প্রতিটি প্রান্তের অধিবাসীদের কাছে আবেদন জানিয়েছেন মায়ের প্রতি সম্মান প্রদর্শনের নিদর্শনস্বরূপ একটি করে বৃক্ষচারা রোপণের। প্রতিরক্ষামন্ত্রী শ্রী রাজনাথ সিংও অংশগ্রহণ করেছেন এই অভিযানে। তিনি তাঁর মায়ের স্মৃতিতে একটি বৃক্ষও রোপণ করেছেন। পরিবেশ রক্ষার কাজে বৃক্ষ রোপনের মাধ্যমে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

দৈনিক সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২০৬ সংখ্যা ২৯ জুলাই, ২০২৪ সোমবার ১৩ শ্রাবণ, ১৪৩১

## সম্পাদকীয়

### ১০টি রাজ্যের ১৮টি কেন্দ্রে এনডিএ প্রার্থীরা খুবই কম ভোটে জিতেছেন

লোকসভা ভোটে দেশের ১৫টি রাজ্যের ৭৯টি কেন্দ্রের ভোটের ফলাফল নিয়ে প্রশ্ন তুলে দিল স্বেচ্ছাসেবী সংগঠন 'ভোট ফর ডেমোর্ক্যাসি'। তাদের দাবি, নজিরবিহীন ভাবে এ বারের ভোটে প্রাথমিক ভোটগণনা ও চূড়ান্ত ভোট গণনার অঙ্কের মধ্যে প্রায় পাঁচ কোটি ভোটের ফারাক দেখা গিয়েছে। যার প্রভাব এই ৭৯ টি কেন্দ্রের ফলাফলে পড়তে পারে।রিপোর্টে দাবি করা হয়েছে, ১০টি রাজ্যের ১৮টি কেন্দ্রে এনডিএ প্রার্থীরা খুবই কম ভোটে জিতেছেন। ভোটদান ও ফলাফলের সময় এই কেন্দ্রগুলিতে কারচুপি ও ইভিএমে গোলমালের অভিযোগ তুলেছিলেন বিরোধী প্রার্থীরা ও বিভিন্ন নাগরিক সংগঠনের সদস্যরা।কারণ, ওই সব কেন্দ্রে প্রার্থীরা যে স্বল্প ভোটের ব্যবধানে জিতেছেন, বাড়তি ভোটের অঙ্ক তার থেকে বেশি। রিপোর্টে দাবি, ৭৯টি কেন্দ্রের অনেকগুলিতেই এনডিএ প্রার্থীরা জয়ী হয়েছেন। আর একে সামনে রেখেই কংগ্রেস আজ বলেছে, রিপোর্ট যদি সত্যি হয়, তাহলে ধরে নেওয়া যেতে পারে, লোকসভায় বিরোধী মঞ্চ ইন্ডিয়া সবচেয়ে বেশি আসন পেতে পারত।

এ বারের লোকসভা ভোট সাতটি পর্বে ভোট হয়েছে। কত ভোট পড়ল, সেই পরিসংখ্যান প্রকাশ করতে নির্বাচন কমিশন দেরি করেছে বলেই অভিযোগ। সেই প্রেক্ষাপটে এই ধরনের প্রশ্ন সামনে আসায় কংগ্রেস বলেছে, রিপোর্টটিতে যদি কোনও ভুল থেকে থাকে, তা হলে নির্বাচন কমিশনের অবস্থান স্পষ্ট করা উচিত। আর রিপোর্ট যদি ঠিক হয়, সে ক্ষেত্রে ভারতীয় নির্বাচন ব্যবস্থার মোড় ঘুরিয়ে দেওয়ার মতো ব্যাপার ঘটেছে বলেই কংগ্রেস মুখপাত্র পবন খেরা তাঁর এক্স হ্যান্ডলে দাবি করেছেন। কমিশনের তরফ থেকে এখনও এই রিপোর্ট নিয়ে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।রিপোর্টে বলা হয়েছে, ভোটের দিনগুলিতে রাত ৮টা নাগাদ ভোটদান সম্পর্কে নির্বাচন কমিশন যে তথ্য হাজির করেছে, তার সঙ্গে চূড়ান্ত ভোটদানের পরিসংখ্যানের ফারাক প্রায় পাঁচ কোটির কাছাকাছি। সংখ্যাটা ৪ কোটি ৬৫ লক্ষের থেকে কিছু বেশি। রিবাট সংখ্যার এই বাড়তি ভোট নির্বাচনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলে দিচ্ছে। রিপোর্টে জানানো হয়েছে, আগের নির্বাচনগুলিতে দেখা গিয়েছে, ভোটের দিন সন্ধের পর কমিশন যে ভোটদানের শতকরা হিসাব পেশ করতো, তার প্রায় এক শতাংশ ভোট বেড়ে যেত চূড়ান্ত ভোটদানের হিসাবে। তবে চব্বিশের লোকসভা ভোটে ব্যতিক্রম ঘটেছে। সাতটি পর্বে এই ফারাক ৩.২ শতাংশ থেকে ৬.৩২ শতাংশ। অন্ধ্রপ্রদেশে এই হিসাব ১২.৫৪ শতাংশ, ওড়িশায় ১২.৪৮ শতাংশ। রিপোর্ট বলছে, এই বাড়তি ভোট নিয়ে নির্বাচন কমিশন কোনও ব্যাখ্যা হাজির করেনি।এর পরেই তাৎপর্যপূর্ণ আর একটি তথ্য সামনে নিয়ে এসেছে 'ভোট ফর ডেমোর্ক্যাসি'-র রিপোর্ট। বলা হয়েছে, ১৫টি রাজ্যে ৭৯টি কেন্দ্রে খুব কম ভোটের ব্যবধানে জিতেছেন এনডিএ-র প্রার্থীরা। দেখা যাচ্ছে, চূড়ান্ত ভোটের পরিসংখ্যানে ভোটদানের যে সংখ্যা বেড়ে গিয়েছে, তার থেকে কম ব্যবধানে এই কেন্দ্রগুলিতে ফলাফল নির্ধারিত হয়েছে। এই ৭৯টি কেন্দ্রের মধ্যে ওড়িশার ১৮টি, মহারাষ্ট্রের ১১টি, পশ্চিমবঙ্গের ১০টি, অন্ধ্রপ্রদেশের ৭টি, কর্নাটকের ৬টি, ছত্তীসগঢ় ও রাজস্থানের ৫টি করে কেন্দ্র, বিহার, হরিয়ানা, মধ্যপ্রদেশ ও তেলঙ্গানার ৩টি করে কেন্দ্র, অসমের ২টি কেন্দ্র, অরুণাচল প্রদেশ, গুজরাত ও কেরলের একটি করে কেন্দ্র রয়েছে। 'ভোট ফর ডেমোর্ক্যাসি' বলেছে, কী কারণে এই বিরাট সংখ্যায় বাড়তি ভোট, নির্বাচন কমিশনের তা জানানো উচিত। তবে বাড়তি ভোটের থেকে কম ব্যবধানে যে সব কেন্দ্রে বিরোধী দলের প্রার্থীরা জিতেছেন, সেই প্রসঙ্গ রিপোর্টে বলা হয়নি।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

হিন্দুই হোক বা মুসলমান, সুন্দরবনে প্রবেশ করার সঙ্গে সঙ্গে তাঁরা নিজেদের সুরক্ষার দায়িত্ব তুলে দেন বনবিবির হাতে।সুন্দরবনের বাঘের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য, মৎস্যজীবীরা ফকির সরদারের কাজ দিয়ে রক্ষাকবজ নিয়ে সুন্দরবন নদীতে মাছ ধরতে যেতো। এ স্মৃতিরা ১০ বছর আগে দেখেছেন সুন্দরবন বাসিরা, আজ আর ফকির সর্দার জীবিত নেই তাই স্মৃতিটা আস্তে আস্তে লুপ্ত হতে চলেছে! সুন্দরবন বাসিরা নিজের জীবিকার জন্য, সুন্দরবন এ কার্ড মধু ও মাছ সংগ্রহ করতে যেতে হয়। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভগবান শ্রীকৃষ্ণনের অবতার যুগে যুগে



মৃত্যুঞ্জয় সরদার

(পঞ্চম পর্ব)



অবস্থা বর্ণিত হয়েছে শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দ্বিতীয় খণ্ডে। কিন্নর ও গন্ধর্বরা মধুর স্বরে গেয়ে উঠলেন। অপ্সরাগণ নাচতে লাগলেন। জগৎপালক বিষ্ণুর মঙ্গলময় গুণাবলির স্তুতি করতে লাগলেন চারণদল। দেবতা এবং ঋষি-মুনিরা ঐনন্দে পুষ্পবৃষ্টি করতে লাগলেন।

চারদিকে ঘন অন্ধকার। বিষ্ণু দেবকীর গর্ভ থেকে প্রকট হলেন। তৎক্ষণাৎ যেন পূর্ব দিগন্তে ষোলোকলা পূর্ণ চাঁদের উদয় হল। বসুদেব অভিভূত হয়ে দেখলেন তাঁর সামনে বিচিত্রদর্শন এক শিশু! দু'নয়ন কমলের ন্যায় এবং বিশাল। চতুর্ভুজ। শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী। বক্ষস্থলে শ্রীবৎস চিহ্ন। কণ্ঠে কৌস্তভমণি। শ্রীঅঙ্গে মনোহর পীতাম্বর বস্ত্র। নানা আভূষণ সুশোভিত দেবশিশুর অঙ্গ-প্রত্যঙ্গ থেকে অপূর্ব জ্যোতি ঠিকরে বেরোচ্ছে।

নবজাতকের এহেন রূপ দেখে বসুদেব নির্বাক! নবজাতকের দর্শন মাত্র বসুদেবের কংসভয় দূর হল। দেবকী এবং বসুদেব স্তব করতে লাগলেন। বিষ্ণু তাঁর পূর্ণ স্বরূপ প্রকাশ করলেন। আপন যোগমায়ায় এক সাধারণ শিশুর রূপ ধারণ করলেন। বুধবার কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে রোহিণী নক্ষত্রযোগে শ্রীকৃষ্ণের পুণ্য আবির্ভাবে মথুরার মাটি পবিত্র হল। ঠিক সেই মুহূর্তে আকাশ মেঘযুক্ত। মুহুর্মুহু মেঘগর্জন। যে মুহূর্তে কৃষ্ণ জন্মগ্রহণ করেন যশোদার এক

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## খ্রিস্টানদের উদ্দেশে ট্রাম্প

# 'এবারই শুধু ভোটটা দিন, ৪ বছর পর আর ভোট দিতে হবে না'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের আগে বাড়ছে উত্তাপ। একদম খোলাখুলি মেরুকরণের পথে হাঁটলেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সরাসরি খ্রিস্টানদের প্রতি বিশেষ আর্জি জানালেন, সেইসঙ্গে আক্রমণ শানালেন কমলা হ্যারিসকে। আগামী নভেম্বরের নির্বাচনের আগে ফ্লোরিডার সভা থেকে খ্রিস্টানদের উদ্দেশ্যে ট্রাম্প বলেন, 'এবারই শুধু ভোটটা দিন। তাহলে তিনি সবকিছু এমনভাবে ঠিক করে দেবেন যে তাদের আর চার বছর পরে গিয়ে কোনওদিন ভোট দিতে হবে না।'

তিনি বলেন, 'আমার প্রিয় খ্রিস্টানরা, এবারই শুধু আপনাদের বাইরে বেরিয়ে ভোট দিতে হবে। এরপর আপনাদের আর ভোট দিতে হবে না। আমি আপনাদের ভালোবাসি খ্রিস্টানরা।'

এসময় কমলাকে আক্রমণ করে ট্রাম্প বলেছেন, 'এই নভেম্বরে কমলা হ্যারিসের উদারপন্থী চরমপন্থাকে নাকচ করে দেবেন আমেরিকার মানুষ। ভোটে ধরাশায়ী হয়ে যাবেন কমলা হ্যারিসরা।'

যদিও ট্রাম্পের এই মন্তব্য নিয়ে কমলা হ্যারিস আপাতত কোনও মন্তব্য করেননি। এমনকি সরাসরি কোনও মন্তব্য করেননি মার্কিন ভাইস-প্রেসিডেন্টের প্রচারের সঙ্গে যুক্ত কোনো কর্মকর্তাও। তবে সার্বিকভাবে ট্রাম্প যে ভাষণ দিয়েছেন, সেটাকে উদ্ভট এবং পশ্চাদমুখী বলে উল্লেখ করেছেন কমলার প্রচারের মুখপাত্র জেসন সিঙ্গার।

# হিজবুল্লাহকে চরম মূল্য দিতে হবে, নেতানিয়াহুর হুঁশিয়ারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইসরায়েল-অধিকৃত গোলান মালভূমিতে হামলার ঘটনায় হিজবুল্লাহকে চরম মূল্য দিতে হবে বলে হুঁশিয়ারি দিলেন ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। শনিবার গোলান মালভূমির একটি ফুটবল মাঠে রকেট হামলার ঘটনা ঘটে। এতে শিশুসহ ১২ জন নিহত হয়। ওই হামলায় আহত হয়েছে আরও অন্তত ২৯ জন। মাজদাল শামস নামক একটি গ্রামে ওই হামলার ঘটনা ঘটে। লেবাননে ইসরায়েলি হামলায় হিজবুল্লাহর চার সদস্য নিহত হওয়ার পরই এই হামলা চালানো হয়। ইসরায়েলের দাবি, লেবাননভিত্তিক হিজবুল্লাহ সংগঠন ওই হামলা চালিয়েছে। তবে হিজবুল্লাহ এই হামলার সঙ্গে সম্পৃক্ততার বিষয়টি অস্বীকার করেছে।

প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর কার্যালয় থেকে জারি করা এক বিবৃতি বলা হয়েছে, নেতানিয়াহু স্থানীয় সম্প্রদায়ের নেতাকে বলেছেন, ইসরায়েল এই হত্যাকাণ্ডের জবাব না দিয়ে যাবে না এবং হিজবুল্লাহকে এজন্য কঠিন মূল্য দিতে হবে।

এদিকে ইসরায়েলের সামরিক মুখপাত্র ড্যানিয়েল হাগারি বলেছেন, নিহতদের মধ্যে একাধিক শিশু রয়েছে। আর এই হামলা হিজবুল্লাহই চালিয়েছে। আমাদের কাছে থাকা তথ্যে কোনও ভুল নেই। আমরা কোনওভাবেই চুপ থাকব না ও হিজবুল্লাহকে এর কঠোর জবাব দিব।

ইসরায়েল এই দায় দেওয়ার সঙ্গে সঙ্গে তা অস্বীকার করেছে হিজবুল্লাহ। এক বিবৃতিতে তারা বলেছে, মাজদাল শামসে করা হামলায় শত্রুপক্ষের কিছু সংবাদমাধ্যম আমাদেরকে অভিযুক্ত করছে। আমরা পরিষ্কারভাবে এই অভিযোগ প্রত্যাখান করছি। এই ঘটনার সঙ্গে আমাদের সশস্ত্র শাখা ইসলামিক রেজিস্ট্যান্সের কোনও ধরনের সম্পর্ক নেই।

# সিনেমার খবর

# কেন আক্ষেপে পুড়ছেন কিরণ



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : ২০১০ সালে মুক্তি পেয়েছিল কিরণ রাও পরিচালিত প্রথম ছবি 'ধোবি ঘাট'। তার পর প্রায় ১৪ বছরের বিরতি। এরপর কিরণ হাজির হয়েছেন 'লাপাতা লেডিস' নিয়ে। ইতিমধ্যেই ছবিটি দর্শকদের মধ্যে সাড়া ফেলেছে। কিন্তু এতেও খুবি খুশি নন কিরণ, বরং ব্যর্থই বললেন নিজেকে।

'লাপাতা লেডিস' সিনেমাটি যখন মুক্তি পায় প্রেক্ষাগৃহে, তেমন সাড়া ফেলতে পারেনি। তবে ওটিটি প্ল্যাটফর্মে ছবিটি মুক্তি পেতেই যেন হইচই পড়ে গিয়েছে নেটমহলে। ছবির বিভিন্ন দৃশ্য বা 'সজনী' গান, কয়েকমাস ধরেই ভাইরাল নেটপাড়ায়। তবু বক্স অফিসে সাফল্য পায়নি এই ছবি। সেই ব্যর্থতার দায় নিজের ঘাড়ে নিলেন পরিচালক কিরণ।

আমিরের সঙ্গে বিচ্ছেদের পরই এই ছবির কাজে হাত দেন কিরণ। ছবি প্রযোজক তার প্রাক্তন স্বামী আমিরই। 'ধোবি ঘাট'-ও প্রযোজনা করেছিলেন আমির। এখন পর্যন্ত করা তার দু'টি ছবিই বক্স অফিসে ব্যর্থ। সম্প্রতি এক সাক্ষাৎকারে কিরণ বলেন, 'ধোবি ঘাট ও লাপাতা লেডিস, এই দু'টি ছবিই বক্স অফিসে খুব একটা ভাল ফল করতে পারেনি। 'ধোবি ঘাট' সেই সময়ের নিরিখে যতটা বড় ব্যবসা করেছিল। ১০-১৫ বছর পরে 'লাপাতা লেডিস' তেমন কিছুই করতে পারেনি, তার আয় মোটামুটি 'ধোবিঘাট' -এর সমান। তাই দু'টি কাজ নিয়েই আমি ব্যর্থতার অনুভব করি।' যদিও এই ১০ বছর কিরণ প্রতিদিন তাঁর কাজ চালিয়ে গিয়েছেন। পাশপাশি কিরণ এটা মানেন, 'সৃজনশীল মানুষেরা সব সময় যে সব কাজেই সাফল্য পান তেমনটা নয়। অনেক সময় বরং কিছুই পান না।'

# ফের রাজ মালহোত্রা হয়ে ফিরছেন ববি?



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : গদার ২ সিনেমার সাফল্যের পর বলিউড শুরু হয়েছে নতুন ট্রেন্ড। এবার আসছে একই ধরনের সিনেমার সিকুয়েলের ঘোষণা। সানি দেওলের পর এবার নিজের পুরোনো সিনেমা নিয়ে ফিরছেন তার ভাই ববি দেওল। ১৯৯৮ সালে মুক্তি পাওয়া 'সোলজার' সিনেমার সিকুয়েলে এবার দেখা যেতে পারে ববিকে।

নব্বইয়ের দশকের জনপ্রিয় ও ব্যবসাসফল সিনেমা 'সোলজার'। চলচ্চিত্র নির্মাতা জুটি আব্বাস-মস্তান পরিচালিত সিনেমাটি মুক্তি পেয়েছিল ১৯৯৮ সালে। সিনেমাটিতে রাজ মালহোত্রার চরিত্রে অভিনয় করেছিলেন ববি। ২৬ বছর পর এবার এ সিনেমার সিকুয়েলের ঘোষণা দিলেন প্রযোজক রমেশ তুরানি। এক সাক্ষাৎকারে তুরানি জানিয়েছেন, সিনেমার চিত্রনাট্যের কাজ চলছে। আগামী বছরই শুরু হবে শুটিং। তবে 'সোলজার ২'এ আবারও ববি-প্রীতিকে দেখা যাবে কি না, সে বিষয়ে এখনো কিছু নিশ্চিত করেননি তিনি।

রমেশ তুরানি জানিয়েছেন, এখনো কলাকুশলী নিয়ে তিনি নিশ্চিতভাবে কিছু ভাবেননি। গল্প সাজানোর ওপর নির্ভর করছে ববি আর প্রীতি এই নতুন ছবিতে কাজ করবেন কি না। তবে আগামী বছরই শুটিং শুরু হচ্ছে বলে নিশ্চিত করেছেন তিনি।

তবে এর আগে এক সাক্ষাৎকারে 'সোলজার ২' সিনেমায় অভিনয়ে ইঙ্গিত দিয়েছিলেন ববি দেওল। তিনি বলেছিলেন,অনেক দিন হয়ে গেল! হয়তো "অ্যানিমেল" সিনেমার পর টিপসের কর্ণধার রমেশ জি আমার সঙ্গে সোলজার ২ করার কথা ভাববেন।'

১৯৯৮ সালে মুক্তি পেয়েছিল 'সোলজার'। রমেশ তুরানির প্রযোজনায় সেই ছবির পরিচালনার দায়িত্ব সামলেছিলেন আব্বাস-মস্তান। রাজ মালহোত্রা ওরফে ভিকি সিনহার চরিত্রে ববির অ্যাকশন প্যাকড চরিত্র দর্শকদের বেশ পছন্দ হয়েছিল। সিনেমাটিতে তার বিপরীতে প্রশংসা কুড়ান প্রীতি জিনতা। এ ছাড়া গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেন রাখি গুলজার, ফরিদা জালাল, জনি লিভার, সুরেশ ওবেরয়, দলিপ তাহিল, শরৎ সাক্সেনা ও আশিস বিদ্যার্থী।

# ১২ বছরের সংসার, সুখী নন করিনা?

## অবশেষে সামনে আনলেন সইফের এই খামতি ...



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : বেশ কয়েকদিন গোপনে প্রেম করে হঠাৎই বিয়ের খবর সামনে আনেন তাঁরা। যদিও এই বিয়েতে এক বৃহৎ শ্রেণি অখুশি ছিল বলেই দাবি করেছিলেন করিনা কাপুর খান।

করিনা কাপুর খান ও সইফ আলি খান। বলিউডের অন্যতম দাপুটে জুটি। যাঁদের নিয়ে নিত্য চর্চা থাকে তুঙ্গে। বেশ কয়েকদিন গোপনে প্রেম করে হঠাৎই বিয়ের খবর সামনে আনেন তাঁরা। যদিও এই বিয়েতে এক বৃহৎ শ্রেণি অখুশি ছিল বলেই দাবি করেছিলেন করিনা কাপুর খান। বিবাহ বিচ্ছেদের পর সইফকে নিয়ে সংশয় তৈরি হয়েছিল করিনা কাপুর পরিবারে। এক সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, এমন অনেকেই ছিলেন যাঁরা আমার ভাল চেয়ে উপদেশ দিয়েছিলেন, যাতে আমি এই বিয়েটা না করি। কেরিয়ারের মধ্যগগণে দাঁড়িয়ে একজন ডিভোর্স করা অভিনেতার সঙ্গে বিয়ের সিদ্ধান্ত আমার অভিনয় জীবনে প্রভাব ফেলতে পারে।

যদিও তেমনটা ঘটেনি কারণ, চুটিয়ে বিয়ের পরেও কাজ করে গিয়েছেন করিনা কাপুর খান। তবে সকলের দেওয়া সেই উপদেশ কি আদপে সত্যি হয়ে দাঁড়িয়েছে করিনা কাপুরের জীবনে? সইফের সঙ্গে কি সুখী নেই বেবো! এবার তেমনই প্রশ্ন উস্কে গেল তাঁর এক মন্তব্য। সদ্য নিজের বৈবাহিক জীবন নিয়ে মুখ খুলতে দেখা যায় করিনা কাপুর খানকে। তাঁদের মাঝে সম্পর্কের সমীকরণ কেমন, সেই প্রসঙ্গে তিনি বলেন, আমি সব সময় ওর থেকে উপদেশ নিয়ে থাকি। সইফও তাই করে থাকে। তবে আমি জানি না আমার উপদেশ ও গ্রহণ করে কি না। আমি ওর ছবির সমালোচক। তবে ও আমার ক্রিউ দেখেনি। বিশ্বাস করতে পার? ও শুটে ব্যস্ত ছিল। তবে আমায় ওর সব ছবি দেখতে হবে। সেক্ষেত্রে ও আমায় 'taken me for granted' করে নিয়েছে।' করিনা কাপুর যদিও হাসতে হাসতেই এই মন্তব্য করেন। তবে যে কাজ তাঁকে করতে হয়, সেই কাজ সইফ কেন করেন না, তা নিয়ে প্রশ্ন তুলছে বেবোর ভক্তরা। অভিনেত্রীর সব ছবি কেনই বা দেখেন না সইফ, তবে কি উপদেশ দেওয়ার ক্ষেত্রে তিনি করিনাকেই এগিয়ে রাখেন? তবে ছবি নিয়ে জুটির সমীকরণ যেমনই হোক না কেন, ১২ বছর ধরে তাঁরা বেজায় সংসার করছেন। ভালবেসে সংসার পেতেছেন তাঁরা, রয়েছে দুই সন্তানও। সংসার কাজ পাল্লা দিয়ে সামলাচ্ছেন তাঁরা।

# 'কারও উপর নির্ভর নয়', চাঁচাছোলা ভাষায় কাকে বিঁধলেন দীপিকা?



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : রণবীরের সঙ্গে ব্রেকআপের পরেও তাঁর সঙ্গে সুসম্পর্ক বজায় রেখেছেন দীপিকা। বলি-অন্দর বলে, কথাবার্তাও নাকি চলে তাঁদের মধ্যে। রণবীরের স্ত্রী আলিয়া ভাটের সঙ্গে যথেষ্ট সুসম্পর্ক দীপিকার। এমনটা শোনা যায়, বি-টাউনের সুন্দরী অভিনেত্রী ক্যাটরিনা কাইফের কারণেই নাকি রণবীর কাপুরের সঙ্গে সম্পর্ক ভেঙেছিল দীপিকার। সেপ্টেম্বর মাসে মা হতে চলেছেন বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। ২০১৮ সালে অভিনেতা রণবীর সিংকে বিয়ে করেন তিনি। বিয়ের বেশকিছু বছর পর তাঁরা সন্তান জন্ম দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এই দীপিকারই বিয়ের আগে বেশকিছু সম্পর্ক তৈরি হয়েছিল। তার মধ্য অন্যতম রণবীর কাপুরের সঙ্গে তাঁর সম্পর্ক। অনেক চর্চা হয় সেই সম্পর্ক নিয়ে। বলা হয়, রণবীরের সঙ্গে ছাড়াছাড়ির কারণেই নাকি মানসিক অবসাদে ভুগেছিলেন দীপিকা। সিমি গারেওয়ালের টকশোতে এসে দীপিকা একটি গুরুত্বপূর্ণ কথা বলেছিলেন তাঁর অনুরাগীদের। তিনি বলেছিলেন, "জীবনে কখনও কোনও মানুষের উপর নির্ভর করবেন না। সেই মানুষটা চলে গেলে আনন্দে থাকার কারণটাও চলে যাবে।" দীপিকা এটাও বলেছিলেন, "জীবনে নিজের আনন্দের দায়িত্ব নিজেকেই নিতে হয়।" রণবীরের সঙ্গে ব্রেকআপের পরেও তাঁর সঙ্গে সুসম্পর্ক বজায় রেখেছেন দীপিকা। বলি-অন্দর বলে, কথাবার্তাও নাকি চলে তাঁদের মধ্যে। রণবীরের স্ত্রী আলিয়া ভাটের সঙ্গে যথেষ্ট সুসম্পর্ক দীপিকার। এমনটা শোনা যায়, বি-টাউনের সুন্দরী অভিনেত্রী ক্যাটরিনা কাইফের কারণেই নাকি রণবীর কাপুরের সঙ্গে সম্পর্ক ভেঙেছিল দীপিকার। এমনও শোনা যায়, সেই কারণে নাকি আজ পর্যন্ত ক্যাটরিনার সঙ্গে তিক্ততা বজায় রেখেছেন অভিনেত্রী। ক্যাটরিনাও দীপিকাকে এড়িয়ে চলেন।

## 'অলিম্পিক অর্ডার'

# অভিনব বিন্দ্রাকে, প্যারিস অলিম্পিক্সের মধ্যে হাতে উঠবে আইওসি-র স্বীকৃতি



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : প্যারিস অলিম্পিক্স শুরুর আগেই দারুণ খবর। অলিম্পিক অর্ডার পুরস্কারে ভারতের সোনাজয়ী অলিম্পিয়ান শ্যুটার অভিনব বিন্দ্রাকে সম্মানিত করতে আইওসি।

ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটির তরফে ইতিমধ্যেই চিঠি পৌঁছে গিয়েছে বিন্দ্রার কাছে। অলিম্পিক আন্দোলনে অনবদ্য ভূমিকা পালনের স্বীকৃতি এই পুরস্কার।

অগাস্টের ১০ তারিখ প্যারিসে বসবে আইওসি-র ১৪২তম সেশন। প্যারিস অলিম্পিক্সের সমাপ্তির ঠিক আগের দিন। সেদিনই বিন্দ্রার হাতে তুলে দেওয়া হবে অলিম্পিক অর্ডার। অলিম্পিক মুভমেন্টে অবদানের জন্য তাঁকে এই পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে আইওসি এগজিকিউটিভ বোর্ড।

আইওসি-র তরফে সর্বোচ্চ পুরস্কার বা সম্মান হলো এই অলিম্পিক অর্ডার। আইওসি প্রেসিডেন্ট টমাস বাখ ২০ জুলাই লেখা চিঠিতে বিন্দ্রাকে এই পুরস্কার পাওয়ার বিষয়টি জানান। অলিম্পিক আন্দোলনে যাঁরা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন তাঁদেরই এই পুরস্কার দেয় আইওসি।

অলিম্পিক্সের ভাবধারা নিজের কৃতকর্মের মধ্যে দিয়ে তুলে ধরা, ক্রীড়া জগতে অনবদ্য জায়গায় পৌঁছনো, নিজের কীর্তি বা ক্রীড়াক্ষেত্রের বিকাশে তথা অলিম্পিক আন্দোলনে যাঁরা অবদান রাখেন, তাঁদেরই স্বীকৃতিস্বরূপ এই পুরস্কারটি দিয়ে থাকে আইওসি।

অলিম্পিক অর্ডারের কাউন্সিলের তরফে পাঠানো মনোনয়ন খতিয়ে দেখে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে থাকে আইওসি এগজিকিউটিভ বোর্ড। এক্স হ্যান্ডলে কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী মনসুখ মাণ্ডব্য এই পুরস্কার পাওয়ার জন্য বিন্দ্রাকে অভিনন্দন জানিয়েছেন। বিন্দ্রার কীর্তি ভারতীয়রা গর্বিত, ফলে তিনি যোগ্য হিসেবেই এই পুরস্কার পাচ্ছেন বলে উল্লেখ করেন মাণ্ডব্য।

বছর একচল্লিশের বিন্দ্রা শুধু শ্যুটারদের নয়, সমস্ত ক্রীড়াবিদদের কাছে অনুপ্রেরণার নাম বলে উল্লেখ করেছেন কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী। ২০০৮ সালে বেজিং অলিম্পিক্স গেমসে তিনি ১০ মিটার এয়ার রাইফেলে সোনা জিতেছিলেন। সেটি ছিল অলিম্পিক্সের ব্যক্তিগত ইভেন্টের ইতিহাসে ভারতের প্রথম সোনা।

২০১০ থেকে ২০২০ অবধি বিন্দ্রা ইন্টারন্যাশনাল শ্যুটিং স্পোর্ট ফেডারেশনের অ্যাথলিট কমিটির সদস্য ছিলেন। ২০১৪ সাল থেকে সংস্থার চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। এর পাশাপাশি, ২০১৮ সাল থেকে তিনি আইওসি-র অ্যাথলিট কমিশনেরও সদস্য দেশের অন্যতম সেরা এই অলিম্পিয়ান।

# রাহুল দ্রাবিড় ফিরছেন আইপিএলের আসরে?

## রাজস্থান রয়্যালসের হেড কোচ হওয়ার জোরালো সম্ভাবনা



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : আইপিএলের আসরে ফিরতে চলেছেন রাহুল দ্রাবিড়। দশ বছর পর তিনি ফিরতে চলেছেন রাজস্থান রয়্যালসে। অধিনায়ক ও মেন্টরের ভূমিকা পালনের পর এবার হেড কোচ হয়ে।

দ্রাবিড়ের সঙ্গে রাজস্থান রয়্যালস কর্তাদের কথাবার্তা অনেকটাই এগিয়েছে বলে দাবি একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমের। শীঘ্রই এ সংক্রান্ত ঘোষণা হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানা যাচ্ছে।

ভারতীয় দলে হেড কোচ হিসেবে ইনিংস শেষের আগে থেকেই চর্চা চলছিল, দ্রাবিড় আইপিএলের আসরে ফিরবেন কিনা তা নিয়ে। দিল্লি ডেয়ারডেভিলসের মেন্টর থাকাকালীন স্বার্থের সংঘাত এড়াতে দ্রাবিড় ভারতের অনূর্ধ্ব ১৯ ও ভারতীয় এ দলের কোচিং কেরিয়ারকেই বেছে নেন।

দ্রাবিড় ন্যাশনাল ক্রিকেট আকাদেমির ডিরেক্টর হন। এরপর ভারতীয় দলের হেড কোচ হন, রবি শাস্ত্রীর স্থলাভিষিক্ত হয়েছিলেন ২০২১ সালে টি২০ বিশ্বকাপের পর। যদিও তার আগে ভারতের দ্বিতীয় সারির দলকে কোচিং করিয়েছেন। ভারতীয় দলের সঙ্গে থাকলে দীর্ঘ সময় দেশে-বিদেশে কাটাতে হয়।

মূলত সেই কারণেই দ্রাবিড় ভারতের হেড কোচ হিসেবে ইনিংস দীর্ঘায়িত করতে চাননি। পরিবারকে বেশি সময় দিতে, বিশেষ করে পুত্রদের ক্রিকেট কেরিয়ার এগিয়ে নিয়ে যাওয়ার প্রক্রিয়ায় ফোকাস রাখতেই দ্রাবিড় আর ভারতীয় দলের হেড কোচ হতে চেয়ে নতুন করে আবেদন করেননি।

তবে আইপিএল যেহেতু মাস দুয়েক ধরে চলে তার সঙ্গে যুক্ত থাকতে অসুবিধা হওয়ার কথা নয়। সে কারণেই রাহুল বেশ কয়েকটি দলের হেড কোচ হতে পারেন বলে চর্চা চলছিল। কিন্তু এখন জানা যাচ্ছে, দ্রাবিড়ের সঙ্গে নাকি রাজস্থান রয়্যালস কর্তাদের কথাবার্তা অনেকটাই এগিয়েছে।

রাহুল দ্রাবিড় রাজস্থান রয়্যালসের হয়ে খেলেছেন। তাঁর অধিনায়কত্বে ২০১৩ সালে রাজস্থান রয়্যালস আইপিএলের প্লে-অফে উঠেছিল। ওই বছর চ্যাম্পিয়ন্স লিগ টি২০-তে রাজস্থানের ফ্র্যাঞ্চাইজি দ্রাবিড়ের ক্যাপ্টেন্সিতেই রানার-আপ হয়েছিল। এরপর দুই মরশুম দলের মেন্টর ছিলেন দ্রাবিড়।

# ১৯ তলা থেকে ঝাঁপ দিতে গিয়েছিলেন শামি?



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : ২০২৩ সালের ১৯ নভেম্বর ওয়ানডে বিশ্বকাপে মোহাম্মদ শামিকে শেষ বারের মতো ভারতের জার্সিতে খেলতে দেখা যায়। তার পর থেকে গোড়ালির চোটের কারণে তিনি দীর্ঘ দিন মাঠের বাইরে। তবে চোট সারিয়ে ভারতীয় দলে ফের প্রত্যাবর্তন ঘটতে পারে তার।

জীবনে চলার পথ সব সময় মসৃণ হয়নি এই পেসারের। নানা উত্থানপতনের মধ্যে দিয়ে গেছে। শামির সেই খারাপ সময়ের একটা অংশ সকলের সামনে তুলে ধরলেন তার বন্ধু উমেশ কুমার। একটি পডকাস্টে তিনি জানান, শামির সাবেক স্ত্রী হাসিন জাহান এক বার ভারত বনাম পাকিস্তানের একটি ম্যাচকে কেন্দ্র করে তার বিরুদ্ধে ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগ তুলেছিলেন। সেই সময় শামি মানসিক ভাবে বিধ্বস্ত হয়ে পড়েন।

উমেশ বলেন, 'ওই সময় শামি আমার সঙ্গে থাকত। যে দিন তার বিরুদ্ধে ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগ ওঠে সে দিন ও খুবই ভেঙে পড়েছিল। শামি আমায় জানিয়েছিল, সব অভিযোগ মেনে নিলেও ম্যাচ ফিক্সিংয়ের মতো জঘন্য অপরাধ ও করেনি এবং এটা মানতে ও নারাজ।'

উমেশ আরও বলেন, 'শামি নিজেকে শেষ করার সিদ্ধান্তও নিয়েছিল। এক দিন রাতে ও ১৯ তলার বারান্দা থেকে ঝাঁপ দেওয়ার জন্য দাঁড়িয়েছিল। তখন ঘড়িতে ভোর ৪টা বাজে। আমি পানি খাওয়ার জন্য উঠেছিলাম। রান্নাঘরের দিকে যাওয়ার সময় দেখি শামি বারান্দায় দাঁড়িয়ে আছে। আমরা ১৯ তলায় থাকতাম। আমি বুঝতে পেরেছিলাম ওর মধ্যে তখন কি চলছিল। ওই রাতটা শামির জীবনে সব চেয়ে কঠিন এবং লম্বা রাত ছিল।'

উমেশ আরও জানান, পরে তদন্তে দেখা যায় শামি নির্দোষ।

২০২৩ সালে ভারত বিশ্বকাপ জিতলে শামি যতটা না খুশি হতেন, তার চেয়ে অনেক বেশি খুশি হয়েছিলেন যে দিন জানতে পারেন তিনি নির্দোষ।

২০২৩ সালের একদিনের বিশ্বকাপে সর্বোচ্চ উইকেট (২৪) পেয়েছিলেন শামি। তার পর থেকেই গোড়ালির চোটের কারণে দীর্ঘ দিন ধরেই মাঠের বাইরে রয়েছেন। চোট নিয়েই তিনি বিশ্বকাপে খেলেছিলেন বলেও জানা গিয়েছে। সম্প্রতি একটি ভিডিওতে তাকে অনুশীলন করতে দেখা গিয়েছে। ক্রিকেটপ্রেমীদের আশা বাংলাদেশের বিরুদ্ধে টেস্ট সিরিজেই ভারতীয় দলে প্রত্যাবর্তন ঘটতে পারে শামির।

# গল্ফে ভারতকে ঐতিহাসিক পদক জেতাতে পারেন অদিতি, কেরিয়ারের তৃতীয় অলিম্পিক্সে সম্ভাবনা কতটা?



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : অলিম্পিক্সের আসর থেকে আজ অবধি কোনও পদক আসেনি ভারতে। এবার কি সেই খরা মিটবে? তার অনেকটাই নির্ভর করছে অদিতি অশোকের উপর।

বেঙ্গালুরুর অদিতির এটি তৃতীয় অলিম্পিক্স। রিও অলিম্পিক্সে প্রথম নেমেছিলেন। টোকিও অলিম্পিক্সে অল্পের জন্য পদক হাতছাড়া হয়।

মহিলাদের গল্ফে দীক্ষা ডাগর রয়েছেন। তবে অদিতিই পদক জয়ের বিষয়ে ফেভারিট। বছর ছাব্বিশের অদিতি গল্ফে বিশ্বে ৬০ নম্বরে রয়েছে। অলিম্পিক র‍্যাঙ্কিং ২৪। প্রথম ভারতীয় মহিলা গল্ফার হিসেবে তিনি বিশ্বের প্রথম ৫০-এ আসেন। টোকিও অলিম্পিক্সে চতুর্থ হন। পেয়েছেন অর্জুন পুরস্কার।

সর্বশেষ এশিয়ান গেমসে গল্ফে রুপো জিতেছিলেন অদিতি। প্রতিযোগিতার শেষ দিনের আগে অবধিও সোনা জয়ের দৌড়ে এগিয়ে ছিলেন। কিন্তু শেষদিনে অল্পের জন্য সোনা হাতছাড়া হয়। এবার অলিম্পিক্সের আসরে পদক জেতার বিষয়ে অদিতিকে সম্ভাব্যদের তালিকায় রাখা হচ্ছে।

অদিতি গত বছর দারুণ ছন্দে ছিলেন। তাঁর র‍্যাঙ্কিং কেরিয়ারের সেরা ৪২-এ পৌঁছে গিয়েছিল। চলতি বছরেও ধারাবাহিকতা বজায় রেখেছেন। এলপিজিএ মেজরে নিজের সেরা ছন্দে থাকায় (ইভিয়ান চ্যাম্পিয়নশিপে টি১৭) মিলেছে অলিম্পিক্সের টিকিট।

দেশের প্রথম গল্ফার হিসেবে এশিয়ান গেমসে পদকজয়ী অদিতি এবার নামবেন অলিম্পিক্স পদকের লক্ষ্যে। তিনি যেভাবে খেলেন তাতে প্যারিসের পরিবেশ, পরিস্থিতি তাঁর ক্ষেত্রে সহায়ক হতে পারে।

২০১৭ থেকে এলপিজিএ ট্যুরে রয়েছেন অদিতি। গত বছর নভেম্বরে স্পেনে আন্দালুসিয়া ওপেন খেতাব জেতেন। এটি তাঁর পঞ্চম এলইটি খেতাব। তার আগে কেনিয়া লেডিস ওপেনও জিতেছিলেন। গত বছর তিনি তিনি ৩৭তম নম্বর স্থানে শেষ করেন এলপিজিএ ট্যুর, করায়ত্ত করেন ৭ লক্ষ ৮৪ হাজার ৯৯০ মার্কিন ডলার।

গত বছরের তুলনায় চলতি বছরে তিনি অবশ্য কাঙ্ক্ষিত সাফল্য পাননি। ফেব্রুয়ারিতে মহিলা বিশ্ব চ্যাম্পিয়নশিপে পান ২১ নম্বর স্থান। মিজুহো আমেরিকাস ওপেনে সুযোগ না পেলেও ইউএস ওপেনে জায়গা করে নেন। অগাস্টের ৭ থেকে ১০ তারিখ রয়েছে মহিলাদের গল্ফ ইভেন্টে। তাতেই পদকের খরা মেটাতে দৃঢ়প্রতিজ্ঞ অদিতি।

# প্যারিস অলিম্পিক্সে ভারতের প্রথম পদক জয়

## শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী সহ অভিনব বিন্দ্রা




বেবি চক্রবর্তী : স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : প্যারিস অলিম্পিক ২০২৪ এ মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তলে প্রথম ভারতীয় মহিলা হিসাবে ব্রোঞ্জ জিতেছেন মনু ভাকর।

অল্পের জন্য তিনি রুপো জিততে পারেনি। আজকের আগে অবধি শ্যুটিংয়ে ভারত একটি সোনা, দুটি রুপো ও একটি ব্রোঞ্জ জিতেছিল। মনু ভাক অলিম্পিক্সে হতাশ হলেও এইবার দেশের প্রথম পদকটি তিনিই এনে দিলেন। দুবার তিনি দুই নম্বর পজিশনে চলে আসলেও দুই কোরিয়ান শ্যুটারের সঙ্গে তুল্য মূল্য লড়াই চালিয়ে প্রথম পদকটি তিনি এনে দিলেন।

মনুর শেষ শটটি ছিল ১০.৩, ইয়েজির ১০.৫। তাতেই ১ ব্যবধানে পিছিয়ে পড়ে ব্রোঞ্জ জিতেই সন্তুষ্ট থাকতে হলো তাঁকে। ইয়েজির ২২১.৮ স্কোর ছিল আর মনুর ছিল ২২১.৭।

স্টেজ ওয়ানের শেষে মনুর স্কোর ছিল ১০০.৩, জিনের ছিল ১০১.৭, ইয়েজির ১০১.৫। স্টেজ ওয়ানের পর বিভিন্ন ধাপে মনুর স্কোর বাড়তে বাড়তে দাঁড়ায় যথাক্রমে ১২১.২, ১৪০.৮, ১৬০.৯, ১৮১.২, ২০১.৩ ও ২২১.৭। জিন অলিম্পিক্স রেকর্ড ২৪৩.২ স্কোর করে সোনা জেতেন। ইয়েজির স্কোর ২৪১.৩।

মনু জানান " অলিম্পিক শ্যুটিংয়ের দেশে দীর্ঘ খরা মেটাতে পেরে ভালো লাগছে। শেষ শট অবদি নিজের সেরা এনার্জি দিয়েছি। অলিম্পিক্সে নামার আগে গীতা পড়েছিলাম। মাথায় রেখেছিলাম যতটুকু নিয়ন্ত্রণে রয়েছে নিজের সেরাটা দিয়ে চেষ্টা করার। বাকিটা ভাগ্যের হাতে ছাড়তে হয়। কর্মে ফোকাস রেখেছিলাম। কর্মফল নিয়ে ভাবিনি"।

তিনি আশাবাদী এবার শ্যুটিংয়ে ভারত আরো পদক জিতবে। পরবর্তী ইভেন্ট গুলিতে আরো পদক দখল রাখাই মনুর লক্ষ্য।

প্যারিস অলিম্পিক্সে দেশের হয়ে প্রথম পদক জেতার জন্য শুভেচ্ছার সাগরে ভাসছেন মনু ভাক। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, সোনা জয়ী অভিনব বিন্দ্রা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন।

ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু লিখেছেন, " প্যারিস অলিম্পিক্সে ১০ মিটার এয়ার পিস্তল শ্যুটিং ইভেন্টে ব্রোঞ্জ পদক নিয়ে ভারতের পদক তালিকা খোলার জন্য মনু ভাকেরকে আন্তরিক অভিনন্দন। তিনি শ্যুটিং প্রতিযোগিতায় অলিম্পিক্সে পদকজয়ী প্রথম ভারতীয় মহিলা। ভারত মনু ভাকেরকে নিয়ে গর্বিত। তাঁর এই কৃতিত্ব অনেক ক্রীড়াবিদকে অনুপ্রাণিত করবে, বিশেষ করে মহিলারা, আমি কামনা করি যে তিনি ভবিষ্যতে আরো সাফল্য অর্জন করবেন"। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি লিখেছেন, "একটি ঐতিহাসিক পদক! অনেক শুভেচ্ছা মনু ভাকেরকে প্যারিস অলিম্পিক্সে ভারতের প্রথম পদক জেতার জন্য। ব্রোঞ্জের জন্য অভিনন্দন। এই সাফল্য আরো বেশি কারণ তিনি ভারতের হয়ে শ্যুটিংয়ে পদকজয়ী প্রথম মহিলা হয়েছেন। একটি অবিশ্বাস্য অর্জন"! কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ টুইট করেছেন, "প্যারিস অলিম্পিক্সে ব্রোঞ্জ এনে প্রথম পদক জিতে মনুভাগেরকে ধন্যবাদ। আপনি আপনার দুর্দান্ত পারফরমেন্স দিয়ে সারাদেশকে গর্বিত করেছেন। আপনার জন্য গোটা দেশ গর্বিত। দারুন সাফল্য"।

প্যারিস অলিম্পিক্সে ভারতকে প্রথম পদক এনে দেওয়ার সাফল্য কামনা করে ২০০৮ সালের অলিম্পিক্সে সোনা জয়ী অভিনব বিন্দ্রা লিখেছেন, " প্যারিস অলিম্পিক্সে এয়ার পিস্তল ইভেন্টে ব্রোঞ্জ পদক জয়ের জন্য মনুভাকেরকে আন্তরিক অভিনন্দন। আপনার নিরলস উৎসর্গ, কঠোর পরিশ্রম এবং আবেগ সত্যিই প্রশংসনীয়। আপনার দক্ষতা এবং সংকল্পের সাক্ষী হওয়া অবিশ্বাস্য, আপনার প্রতিটি শট ভারতকে গর্বিত করে। এই অর্জন আপনার অধ্যাবসায় ও দৃঢ়তার প্রমাণ। আরো সাফল্য পান মনু"। অলিম্পিক্সে প্রথম ব্রোঞ্জ পদকজয়ী শ্যুটার মনু ভাগেরের বাবা রাম কিশান ভাকের বলেছেন, " পুরো দেশ মনুকে নিয়ে গর্বিত, তার দুটি ইভেন্ট বাকি আছে। আমরা তার থেকে আরো ভালো পারফরমেন্স আশা করি। মনু সরকার এবং ফেডারেশন থেকে অনেক সমর্থন পেয়েছিল। দেশের জনগণের আশীর্বাদের কারণেই এই সাফল্য পেয়েছে সে"। মনুর এই সংকল্পের জন্য তাঁর মা সুমেধা ভাগের বলেন, " আমি সব সময়ই চাইতাম আমার মেয়ে সুখী হোক। তাঁর এই সাফল্যে আমরা গর্বিত"। মনুর এই সাফল্যের জন্য গগন নারাং র মত অলিম্পিকসের পদক জয়ীরাও তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন।

**অলিম্পিক্সের পরই আন্তর্জাতিক অবসর!**

# শ্রীজেশের জন্যই প্যারিসে হকির পদক জিততে মরিয়া ভারত



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : প্যারিস অলিম্পিক্স খেলেই আন্তর্জাতিক হকিকে বিদায় জানাচ্ছেন ভারতের গোলরক্ষক পিআর শ্রীজেশ। সোশ্যাল মিডিয়ায় সেই ঘোষণা করেছেন তিনি।

টোকিওয় অলিম্পিক্সে ভারতের হকিতে পদক জয়ের দীর্ঘ খরা মিটেছিল বছর তিনেক আগে। সেই কীর্তিতে অবদান ছিল শ্রীজেশের। এবার অলিম্পিক্স অভিযান শুরুর আগে ভারতকে উদ্বুদ্ধ করছে শ্রীজেশের সিদ্ধান্তই।

দেশের হয়ে ৩২৮টি ম্যাচ খেলা বছর ছত্রিশের শ্রীজেশ এবার নামতে চলেছেন কেরিয়ারের চতুর্থ অলিম্পিক্সে। কমনওয়েলথ গেমস থেকে বিশ্বকাপ, বিভিন্ন আন্তর্জাতিক টুর্নামেন্টে একাধিক স্মরণীয় পারফরম্যান্স উপহার দিয়েছেন। অলিম্পিক্সের আরও একটি পদক জিতেই তিনি অবসর নিতে চাইছেন।

২০১০ সালে বিশ্বকাপে অভিষেক। ২০১৪ সালে এশিয়ান গেমসে সোনা ও ২০১৮ সালে ব্রোঞ্জ জিতেছিল ভারত, সেই দলেও ছিলেন শ্রীজেশ। ২০১৮ সালে এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারত যুগ্ম বিজয়ী হয়, সেই টুর্নামেন্টেও ছিল শ্রীজেশের অবদান।

২০১৯ সালে এফআইএইচ পুরুষদের সিরিজ ফাইনালে সোনা, ২০২২ সালে বার্মিংহ্যাম কমনওয়েলথ গেমসে রুপোজয়ী দলের সদস্য শ্রীজেশ ছিলেন টোকিও অলিম্পিক্সে ভারতের ব্রোঞ্জ জয়ের অন্যতম স্থপতি। ২০২১-২২ মরশুমে এফআইএইচ হকি প্রো লিগে ভারত তৃতীয় হয়, তাতেও ছিল শ্রীজেশের অবদান।

২০২১ সালে মেজর ধ্যান চাঁদ খেল রত্ন সম্মানে ভূষিত হন শ্রীজেশ। ভারতের দ্বিতীয় ক্রীড়াবিদ হিসেবে তিনি ওয়ার্ল্ড গেমস অ্যাথলিট অব দ্য ইয়ার ২০২১ পুরস্কার জেতেন। ২০২১ ও ২০২২ সালে এফআইএইচের বিচারে বর্ষসেরা গোলরক্ষকের পুরস্কারও পেয়েছেন শ্রীজেশ। এশিয়ান গেমসের হকিতে সোনা জিতে ভারত প্যারিস অলিম্পিক্সের যোগ্যতা অর্জন করে। সেই টুর্নামেন্টেও শ্রীজেশ অনবদ্য পারফরম্যান্স উপহার দিয়েছেন। দেশের হয়ে অসাধারণ সফরে তিনি গর্বিত বলে উল্লেখ করে সোশ্যাল মিডিয়ায় শ্রীজেশ জানান, প্যারিসেই তিনি শেষবারের জন্য নামতে চলেছেন।

পরিবার, সতীর্থ, কোচ, সমর্থক ও হকি ইন্ডিয়ার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন শ্রীজেশ। সেই সঙ্গে তিনি লিখেছেন, প্যারিসে সকলেই নিজেদের সেরাটা দিতে প্রস্তুত। সকলেরই লক্ষ্য আমাদের পদকের রং বদলানো। কঠিন সময়ে সতীর্থরা যেভাবে এককাট্টা হয়ে লড়ছেন, তাতে তাঁদের প্রতিও সম্ভ্রম ও কৃতজ্ঞতা প্রকাশ করেন শ্রীজেশ।

হকি ইন্ডিয়ার সভাপতি দিলীপ তিরকে বলেন, শ্রীজেশকে প্রথম জাতীয় শিবিরে দেখি যখন তাঁর বয়স ১৮ কিংবা ১৯। শ্রীজেশ আমার অধিনায়কত্বে প্রথমবার দেশের হয়ে খেলেন। তিরকে শ্রীজেশের বর্ণময় কেরিয়ারের উচ্ছ্বসিত প্রশংসা করে বলেন, তাঁর এই সিদ্ধান্ত গোটা দলকে পোডিয়াম ফিনিশে উদ্বুদ্ধ করবে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR